গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.niyd.gov.bd

**জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিলের ৮ম সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী,<br>সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>ও<br>সভাপতি, নির্বাহী কাউন্সিল |
| তারিখ | : | ১৩-০৩-২০২৫খ্রি. |
| সময় | : | বেলা ০২:৩০ ঘটিকা |
| স্থান | : | জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা এর সভা কক্ষ (৫ম তলা)। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'

সম্মানিত সভাপতি উপস্থিত সকলকে পবিত্র রমজান মাসের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে নতুনভাবে গঠিত নির্বাহী কাউন্সিলের সম্মানিত সভাপতিসহ অন্যান্য সম্মানিত সদস্যগণ নিজ নিজ পরিচয় প্রদান করেন। পরিচিতি পর্ব শেষে সম্মানিত সভাপতির অনুমতিক্রমে এ ইনস্টিটিউট এর মহাপরিচালক ও নির্বাহী কাউন্সিল এর সদস্য সচিব সভার আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে বিশদ আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**আলোচ্য সূচি ১**

**বিষয়** : **নির্বাহী কাউন্সিলের ৭ম সভার কার্যবিরণী পাঠ ও অনুমোদন**

**আলোচনা** : সভায় বিগত ১৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখ সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় ৭ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি ২**

বিষয় : **নির্বাহী কাউন্সিলের ৭ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

**আলোচনা** : ৭ম সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। ৭ম সভার গৃহীত অধিকাংশ সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত** : ২.১) জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট চাকরি প্রবিধানমালা ২০২১ এর বিধি ৬১ এবং বিধি ৬২ অনুযায়ী ইনস্টিটিউটের নিজস্ব কর্মকর্তা/কর্মচারিদের পেনশন সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটিকে দ্রুত পেনশনের রূপরেখা পেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

আলোচ্য সূচি ৩

বিষয় : **একাডেমিক কাউন্সিলের ৭ম সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ অনুমোদন**

**আলোচনা** : বিগত ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল এর ৭ম সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ সভায় উপস্থাপন করা হয়। এ পর্যায়ে কাউন্সিলের সম্মানিত সদস্য ড. রেহনুমা করিম, চেয়ারম্যান, হিরোস ফর অল ০১ (এক) বছর মেয়াদি কোর্স সমূহের সিলেবাস প্রণয়নের ক্ষেত্রে বৈশ্বিক মানদন্ড বিবেচনার জন্য অনুরোধ করেন। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মানিত প্রতিনিধি যুগ্মসচিব জনাব মো: শাহীন এনডিসি ও একই বিষয়ে একমত পোষণ করেন। সভায় উপস্থিত কাউন্সিল সদস্য জনাব মো: আবদুল্লাহ আল মামুন সভাকে জানান যে, নতুন কোর্স চালুর ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের কর্মক্ষেত্র ভবিষ্যতে কী হবে, তা বিবেচনায় আনা জরুরী; কেননা একজন একটি প্রশিক্ষণ গ্রহণের পর যদি কর্মক্ষেত্রে তা ব্যবহার না করে তাহলে সেই প্রশিক্ষণের জন্য কর্মঘন্টার অপচয় হবে। সে প্রেক্ষিতে কোর্সের সময়সীমা নির্ধারণ, সিলেবাস প্রণয়ন এবং তার প্রাসঙ্গিকতা যাচাইয়ের জন্য বিশেষজ্ঞ মতামত গ্রহণ জরুরি মর্মে তিনি জানান। ড. রেহনুমা করিম এআই বিষয়ক কোর্স চালুর জন্য ইংরেজি ভাষার দক্ষতা অত্যন্ত জরুরি উল্লেখপূর্বক এ ধরনের কোর্সে ইংরেজি ভাষার দক্ষতা পূর্বশর্ত (Prerequisite) করার অনুরোধ করেন। এ পর্যায়ে সভাপতি জানান যে Diploma in ICT (Major in AI) এবং PGD in Apparel Merchandising ট্রেডের সিলেবাস প্রণয়ন এবং মেয়াদের প্রাসঙ্গিকতা যাচাইয়ে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ এবং খাত সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে একটি সেমিনার আয়োজনের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। এ প্রেক্ষিতে মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট একটি কমিটি গঠনের প্রস্তাব উত্থাপন করেন এবং এই কমিটির মাধ্যমে Diploma in ICT (Major in AI) এবং PGD in Apparel Merchandising ট্রেডের সামগ্রিক রূপরেখা প্রণয়নের পর সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে সেমিনার আয়োজন করা যেতে পারে মর্মে উল্লেখ করেন। এ প্রস্তাবে সভা একমত পোষণ করে। এছাড়াও Diploma in Hotel Tourism & Hospitality Management (HTHM) এবং Communicative English Language এর নাম পরিবর্তনের বিষয়ে সভা একমত পোষণ করে।

**সিদ্ধান্ত** : ৩.১) Diploma in Hotel Tourism & Hospitality Management (HTHM)কোর্সের পরিবর্তিত নাম হবে Diploma in Tourism & Hospitality Management (THM)।

৩.২) Communicative English Language কোর্সের পরিবর্তিত নাম হবে English Language & Business Communication।

গ) Diploma in ICT (Major in AI) এবং PGD in Apparel Merchandising ট্রেডের সামগ্রিক রূপরেখা প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | আহ্বায়ক |
| ড. নিখিল রঞ্জন ধর, অধ্যাপক, আইপিই বিভাগ, বুয়েট (একাডেমিক কাউন্সিলের সদস্য হিসেবে) | সদস্য |
| ড. রেহনুমা করিম, চেয়ারম্যান, হিরোস ফর অল | সদস্য |
| আবদুল্লাহ আল মামুন, সভাপতি, দরদি | সদস্য |
| বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| উপপরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট | সদস্য |
| উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | সদস্য সচিব |

উক্ত কমিটি Diploma in ICT (Major in AI) এবং PGD in Apparel Merchandising ট্রেডের সম্ভাব্য সময়সীমা, সিলেবাস, রিসোর্স পারসন এবং ট্রেড সংশ্লিষ্ট ইন্টার্ণশীপ বিষয়ে একটি রূপরেখা প্রণয়নপূর্বক আগামী ২ মাসের মধ্যে মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব, নির্বাহী কাউন্সিল বরাবর একটি প্রতিবেদন দাখিল করবেন। তৎপরবর্তীতে এবিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে সেমিনার অনুষ্ঠিত হবে।

<u>আলোচ্য সূচি ৪</u>

বিষয় : **ইনস্টিটিউটে জনবলের শূন্য পদে নিয়োগ কার্যক্রম**

**আলোচনা** : বর্তমানে ইনস্টিটিউট এ ৪৫ টি পদের মধ্যে ২৮ জন কর্মরত আছে এবং শূন্য পদের সংখ্যা ১৭ টি। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২৯-১০-২০২৪ খ্রি: তারিখের ৩৪.০০.০০০০.০৬০.৪০.০০১.২২.২৩৬ নং স্মারকে ০৪টি পদসংরক্ষিত রেখে মোট ১২ টি শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে ছাড়পত্র প্রদান করা হয়েছে। ইনস্টিটিউট এর বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে মহাপরিচালক ২টি কমিটি গঠনের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইনস্টিটিউট এর বিগত ০৫-০৭-২০২২ তারিখে নির্বাহী কাউন্সিলের ৩য় সভায় জনবল নিয়োগের জন্য যে কমিটি গঠিত হয়েছিল সভাপতি সেই রুপরেখা অনুসরণপূর্বক নিয়োগ কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে কমিটির সকলে সভাপতির মতামতের সাথে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** : ৪.১) ইনস্টিটিউট এর ৯ম ও ১০ম গ্রেডের নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়:

| | |
|---|---|
| মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | আহ্বায়ক |
| জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব পদমর্যাদার) | সদস্য |
| অর্থ বিভাগের ০১ জন কর্মকর্তা ০১ জন প্রতিনিধি (যুগ্মসচিব/ উপসচিব পদমর্যাদার) | সদস্য |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| পরিচালক | সদস্য সচিব |

৪.২) ইনস্টিটিউট এর ১১-২০তম গ্রেডের নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়:

| | |
|---|---|
| রেজিস্ট্রার, | আহ্বায়ক |
| জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি (উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার) | সদস্য |
| অর্থ বিভাগের ০১ জন কর্মকর্তা ০১ জন প্রতিনিধি (উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার) | সদস্য |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার) | সদস্য |
| উপপরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | সদস্য সচিব |

গঠিত কমিটিসমূহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে সরাসরি জনবল নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক জরুরীভিত্তিতে শূন্যপদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করবে।

<u>আলোচ্য সূচি ৫</u>

বিষয় : **জনবল কাঠামোর প্রস্তাবনা প্রেরণ সংক্রান্ত**

আলোচনা : নির্বাহী কাউন্সিল এর ৫ম সভায় অনুমোদনক্রমে নিয়োগযোগ্য ৪০টি পদের মধ্যে ০৩টি পদ সংরক্ষিত রেখে ১ম ও ২য় শ্রেণির ২২ টি এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ১৫ টিসহ মোট ৩৭টি পদে ১০/০৮/২০২৩খ্রি. তারিখে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়। ইনস্টিটিউটের কর্মপরিধি বৃদ্ধি এবং কর্মকর্তা ও কর্মচারীদের কাজের প্রতি আগ্রহ সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক নতুন পদ সৃজন করত পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ লক্ষ্যে জনবল কাঠামোর একটি খসড়া নির্বাহী কাউন্সিলের ৭ম সভায় উপস্থাপিত হয় এবং এ বিষয়ে নির্বাহী কাউন্সিলের সম্মানিত সদস্যগণের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে বিগত ২৩ অক্টোবর ২০২৪ তারিখের ৩৪.০২.২৬৭২.০০০.০৬.০০২. ১৯-১৫৯ নং স্মারকমূলে ইনস্টিটিউট হতে নির্বাহী কাউন্সিলের সম্মানিত সদস্যগণের নিকট খসড়া জনবল কাঠামোর বিষয়ে মতামত প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়। প্রেরিত পত্রের আলোকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রেরিত খসড়ার সাথে একমত পোষণ করেন। বিপিএটিসি এবং এনএসডি হতে বিভিন্ন পদ সৃষ্টির বিষয়ে অধিকতর স্পষ্টীকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর মতামত গ্রহণের বিষয়ে বলা হয়েছে। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর এ পর্যায়ে সভাকে জানান যে, এ প্রতিষ্ঠানের গঠন মিশ্র প্রকৃতির। এখানে প্রশিক্ষণ কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন ডিপ্লোমা ডিগ্রিও প্রদান করা হচ্ছে। সেজন্য পদক্রমে প্রভাষক, সহকারী অধ্যাপক এবং অধ্যাপক সৃষ্টির জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও বাংলাদেশ এ্যাক্রিডেশন কাউন্সিল এর মত গ্রহণের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ হতে যে মতামত প্রদান করা হয়েছে তা অত্যন্ত প্রাসঙ্গিক মর্মে তিনি জানান। এ বিষয়ে উপস্থিত মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর এবং এর উপ-উপাচার্যও একমত পোষণ করেন। উপ-উপাচার্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় জনবল কাঠামো চূড়ান্তকরণে ইনস্টিটিউটকে সর্বাত্মক সহযোগীতার আশ্বাস প্রদান করেন। সভাপতি এ পর্যায়ে ইনস্টিটিউট এর জনবল কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে একটি টেকনিক্যাল কমিটি গঠনের পরামর্শ প্রদান করলে সম্মানিত সকল সদস্য এতে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : ৫) ইনস্টিটিউট এর জনবল কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে নিম্নোক্ত টেকনিক্যাল কমিটি গঠন করা হয়:

| | |
|---|---|
| উপ-উপাচার্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | আহ্বায়ক |
| জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি (যুগ্ম সচিব পদমর্যাদার) | সদস্য |
| অর্থ বিভাগের ০১ জন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| বিপিএটিসির ০১ প্রতিনিধি (এমডিএস পদমর্যাদার) | সদস্য |
| জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ০১ জন শিক্ষক প্রতিনিধি | |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার) | সদস্য |
| পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | সদস্য |
| রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট | সদস্য সচিব |

উক্ত কমিটি আগামী ২ মাসের মধ্যে ইনস্টিটিউটের জনবল কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে বিভিন্ন পদের যৌক্তিকতা, সেসকল পদের সৃজন পদ্ধতি, প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগের শর্ত / যোগ্যতা, নিয়োগ পদ্ধতি, পদোন্নতি এবং পদোন্নতির শর্তসহ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন ইনস্টিটিউটের মহাপরিচালক বরাবর দাখিল করবেন। মহাপরিচালক উক্ত প্রতিবেদন কাউন্সিলের পরবর্তী সভায় উপস্থাপন করবেন।

<u>আলোচ্য সূচি ৬</u>

বিষয় : **বিবিধ**

আলোচনা : জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটকে জাতীয় উদ্যোক্তা ইনস্টিটিউট এ রুপান্তর সংক্রান্ত আলোচনা। দেশের অর্থনৈতিক উন্নয়নে যুব সমাজের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে ইনস্টিটিউটকে জাতীয় উদ্যোক্তা ইনস্টিটিউট রুপান্তরের বিষয়ে সদস্য সচিব নির্বাহী কাউন্সিল সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ পর্যায়ে সভাপতি জানান যে, জনবল কাঠামো এবং বিধি চূড়ান্তকরণের পর এ বিষয়ে আলোচনা করা যেতে পারে।

সিদ্ধান্ত : ইনস্টিটিউট এর জনবল কাঠামো এবং বিধিমালা দ্রুত চূড়ান্ত করতে হবে।

বাস্তবায়নকারী : মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

R.M
২০/০৬/২০২৫

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি
নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।